


COVID-19 এর জন্য পরীক্ষা



ডেনমার্ক বিশ্বের অন্যতম একটি দেশ যারা জনসাধারণ নিরীখে সবচেয়ে বেশী মানুষের পরীক্ষা করে। সংক্রমণের হার কম রাখতে এবং মহামারী নিয়ন্ত্রণ রাখতে এটি গুরুত্বপূর্ণ।

ডেনমার্কের আমরা উপসর্গযুক্ত এবং উপসর্গবিহীন, উভয়দেহকেই পরীক্ষা করি।

COVID-19 এর লক্ষণগুলির মধ্যে রয়েছে জ্বর, কাশি, শ্বাসকষ্ট, মাথাব্যথা, পেশীর ব্যথা বা গলা ব্যথা।

বাড়িতে থাকুন এবং যদি আপনার উপসর্গগুলি প্রকাশ পায় তাহলে নিজেকে বিচ্ছিন্ন রাখুন।

যদি আপনি অসুস্থবোধ করেন এবং আপনার মধ্যে COVID-19 এর উপসর্গগুলি প্রকাশ পায় তাহলে নিম্নলিখিত কাজগুলি করুন :

- বাসায় যান এবং পরীক্ষা না হওয়া পর্যন্ত বাসায় থাকুন।
- পরীক্ষা করান এবং মুখে আপনার মাস্ক পরান কথা মনে রাখবেন।
- নিজের পরীক্ষা করানোর পর বাসায় যান এবং পরীক্ষার ফলাফল না পাওয়া পর্যন্ত বাড়িতেই থাকুন।

পরীক্ষার জন্য কিভাবে একটি এপয়েন্টমেন্ট এর সময় বুক করবেন

নিম্নলিখিত পরিস্থিতিতে coronaprover.dk তে পরীক্ষার জন্য এপয়েন্টমেন্ট এর সময় বুক করুন।

- আপনি সুস্থ বোধ করছেন এবং চিকিৎসকের সাথে কথা বলার প্রয়োজন মনে করেন না, তবুও আপনি যেভাবেই হোক পরীক্ষা করতে চান।
 - আপনার COVID-19 এর হালকা উপসর্গ রয়েছে তবে আপনার কোনো ডাক্তারের সাথে কথা বলার প্রয়োজন নেই।
- মনে রাখবেন যে, আপনি যখন coronaprover.dk তে পরীক্ষার জন্য এপয়েন্টমেন্ট এর সময় বুক করবেন তখন অবশ্যই আপনার NemID ব্যবহার করতে হবে।

নিম্নলিখিত পরিস্থিতিগুলিতে আপনার ডাক্তারকে অথবা 1813 এই নাম্বারে ফোন করুন।

- আপনার COVID-19 এর উপসর্গ রয়েছে এবং চিকিৎসকের সাথে কথা বলার মত যথেষ্ট অসুস্থ বোধ করছেন
- আপনি চিহ্নিত বা অনিশ্চিত
- আপনি দুই বছর বয়সের একটি শিশুর পরীক্ষা করতে চান

আপনার যদি কোনও সংক্রামিত ব্যক্তির ঘনিষ্ঠ যোগাযোগ থাকে, তাহলে আপনারও পরীক্ষা করা উচিত। ঘনিষ্ঠ যোগাযোগ বলতে বোঝায়, সাধারণত আপনি যাদের সাথে বসবাস করেন এবং ঘুমাতে যান, তবে এতে আপনার সহকর্মীরা এবং বান্ধবরাও অন্তর্ভুক্ত হতে পারে, যাদের নিকটস্থে আপনি ছিলেন।

এ ধরনের ক্ষেত্রে অনুরোধ করা হলে আপনার পরীক্ষা করানো উচিত। এক্ষেত্রে হতে পারে যেমন, হাসপাতালে ভর্তি, চিকিৎসা বা পরীক্ষা, বা প্রাদুর্ভাব সম্পর্কিত ঘটনার ক্ষেত্রে সংক্রমণের চিনহিত করণের অংশ হিসাবে, যেমন, স্কুল, আবাসিক অঞ্চল বা কর্মস্থান।

আপনার পরীক্ষার ফলাফল কিভাবে পাবেন

আপনার পরীক্ষার ফলাফলগুলি দেখার জন্য NemID ব্যবহার করে sundhed.dk তে লগ ইন করুন।

আপনি যদি COVID-19 দ্বারা সংক্রামিত হন, তাহলে আপনার ফলাফলে উল্লেখ্য থাকবে 'Positiv', 'Formodet positiv' অথবা 'Påvist' জানিয়ে দেবে। আপনি যদি সংক্রামিত হন তবে ইহা যাতে অন্যদের মধ্যে সংক্রামিত না হয় তার জন্য আপনার সবার থেকে বিচ্ছিন্ন থাকা অতি জরুরী।

যদি আপনি COVID-19 দ্বারা সংক্রামিত না হন তাহলে আপনার ফলাফলে 'Negativ' অথবা 'ikke påvist' লেখা থাকবে।

Coronasmitte.dk তে গিয়ে COVID-19 সম্পর্কে আরো পড়ুন।

COVID-19 সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন থাকে তাহলে আপনি জয়েন্ট ডেনিশ অথোরিটির টেলিফোনের হট লাইন 7020 0233 এই নাম্বারে ফোন করতে পারবেন।